হরিণাকুণ্ডুতে স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় সভাপতি ও সম্পাদককে গণ সংবর্ধনা

বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের সভাপতি নির্মল রঞ্জন গুহ ও সাধারণ সম্পাদক আফজালুর রহমান বাবুকে গণ সংবর্ধনা দিয়েছে ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগ।

শনিবার বিকেলে উপজেলা ক্রীড়া সংস্থার মাঠে এ গণ সংবর্ধনা দেওয়া হয়।

সংবর্ধনা অনুষ্ঠানকে ঘিরে শনিবার দিনভর আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীদের মাঝে উৎসবের আমেজ লক্ষ্য করা যায়। অনুষ্ঠান শুরুর আগেই এই গণ সংবর্ধনা অনুষ্ঠানটি বিশাল জনসমুদ্রে পরিণত হয়।

অনুষ্ঠানে উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক ফিরোজ সালাউদ্দিনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সদস্য পারভীন জামান কল্পনা, প্রধান বক্তা হিসেবে বক্তব্য দেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও ঝিনাইদহ পৌর মেয়র সাইদুল করিম মিন্টু।

এছাড়াও গণ সংবর্ধনা অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক লীগের সহ-সভাপতি মজিবুর রহমান স্বপন, যুগ্ম সম্পাদক মোবাশ্বির চৌধুরী, সাংগঠনিক সম্পাদক শাহ জালাল মুকুল, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের উপ-দপ্তর সম্পাদক ও হরিণাকুণ্ডু উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আফজাল হোসেন, ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম শিলু,

পৌর আওয়ামী লীগের সভাপতি খাইরুল ইসলাম, সাধারণ সম্পাদক ফারুক হোসেন, ইউপি চেয়ারম্যান শরাফত দৌলা ঝন্টু, জেলা পরিষদ সদস্য আলাউদ্দিন, উপজেলা যুবলীগের যুগ্ম আহবায়ক আব্দুল্লাহ মারুফ, ছাত্রলীগের যুগ্ম আহবায়ক রুবেল রানাসহ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ বক্তব্য দেন।
অনুষ্ঠানটি সঞ্চালনা করেন উপজেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক রাফেদুল হক সুমন।

ঝিনাইদহে বাংলাদেশ হিন্দু বোদ্ধ ঐক্য পরিষদের মানববন্ধন

তথ্য প্রযুক্তির অপব্যবহার পূর্বক ধর্ম অবমাননার গুজব ছড়িয়ে দেশের বিভিন্ন জায়গায় সাম্প্রদায়িক হামলার প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে।

শনিবার সকালে শহরের পোষ্ট অফিস মোড়ে ঘন্টাব্যাপী মানববন্ধনে বাংলাদেশ হিন্দু বোদ্ধ ঐক্য পরিষদ ও পূজা উদযাপন পরিষদ, ছাত্র যুব ঐক্য পরিষদ জেলা শাখা এ কর্মসূচি আয়োজন করে।

মানববন্ধনে অংশগ্রহণকারী বক্তারা সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলেন, ধর্ম যার যার রাষ্ট্র সবার, ধর্মীয় রাষ্ট্র নয়, ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র চাই।

এসময় উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান ও বাংলাদেশ পুজা উদযাপন পরিষদের সভাপতি কনক কান্তি দাস, জেলা হিন্দু বোদ্ধ ঐক্য পরিষদের সভাপতি নারায়ন চন্দ্র বিশ্বাস, সাধারণ সম্পাদক সুবীর সমাদ্দার, সদর থানা পুজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক উত্তম গাঙ্গুলী, জেলা ছাত্র যুব ঐক্য পরিষদের সভাপতি পলাশ বিশ্বাস, ঐক্য পরিষদের নেতা সুশান্ত সরকার, সাধন সরকার, প্রসেনজিৎ ঘোষ সিপন প্রমুখ।

ঝিনাইদহে জাতীয় সমবায় দিবস পালিত

‘বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন’ এই স্লোগানে ঝিনাইদহে ৪৯ তম জাতীয় সমবায় দিবস পালিত হয়েছে।

শনিবার সকালে শহরের ইকো পার্কে জেলা সমবায় অফিস এ অনুষ্ঠানের আয়োজন করে। এতে কেন্দ্রীয় সমবায় ব্যাংকের সভাপতি ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু’র সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার আনোয়ার সাঈদ, সদর উপজেলঅ নির্বাহী অফিসার বদরুদ্দোজা শুভ, জেলা সমবায় ইউনিয়নের সভাপতি মিজানুর রহমান, জেলা সমবায় অফিসার আহসান হাবিব।

অনুষ্ঠানে জেলার ৬ উপজেলার সমবায়ী, সফল উদ্যোক্তাসহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন। পরে সফল সমবায়ীদের মাঝে সম্মাননা ক্রেষ্ট প্রদান করা হয়।

কালীগঞ্জের ফুটপাতে গরম কাপড় কিনতে মানুষের ভীড়

শীতের আগমনী বার্তা নিয়ে বইছে মৃদু হাওয়া। সকালবেলা শিশিরের কুয়াশা দেখলে মনে হয় চলে এসেছে শীত।
এরই মধ্যে ঝিনাইদহের কালীগঞ্জে ফুটপাতের অস্থায়ী দোকান গুলোতে বেড়েছে শীতের গরম কাপড়ের বেচাকেনা। শীতকে সামনে রেখেই ধনী গরিব নির্বিশেষে চলছে ফুটপাতে গরম কাপড় কেনার হিড়িক। এ সুযোগে কিছু বাড়তি অর্থ উপার্জনের সুযোগ হয়েছে ক্ষুদ্র কাপড় ব্যবসায়ীদের।

গতকাল শুক্রবার বিকালে সরেজমিনে কালীগঞ্জ বাজারে গিয়ে দেখা যায় শহরের বাজার রোডের দু’পাশে বসেছে পুরাতন এসব গরম কাপড়ের দোকান। কাপড় ভেদে ১০ টাকা থেকে শুরু করে তিন-চারশো টাকা পর্যন্ত মিলছে ছোট বড় বিভিন্ন সাইজের ও রংবেরঙের কাপড়। সাধারণত এ কাপড় গুলোর ক্রেতা নিম্ন আয়ের ও মধ্যবিত্ত পরিবারের মানুষ।

ফুটপাতের এক দোকানি বলেন, সারা বছর তিনি পুরাতন কাপড় বিক্রি করেন, তবে শীত এলে বাড়তি চাহিদার কারণে তাদের বেচাকেনা বেড়ে যায়, তাদের বিক্রিত কাপড়ের বেশিরভাগ আসে বাইরের শীত প্রধান দেশ গুলো

থেকে। তারা পাইকারি বিক্রেতাদের থেকে লট হিসেবে কিনে এখানে স্বল্প দামে বিক্রি করেন।

গরম কাপড় কিনতে আসা কয়েকজন ক্রেতা বলেন, দাম অল্প হওয়ায় পরিবারের সকলের জন্য প্রতিবছর নতুন ও পছন্দ মত কাপড় কিনতে পারেন। একটু বেছে কিনলেই পাওয়া যায় ভালো মানের কাপড়। তবে অনেকের মতে ফুটপাত দখল করে রাস্তায় যান চলাচলের ব্যঘাত ঘটিয়ে এ বাজার না বসিয়ে তাদের জন্য নির্দিষ্ট একটি ফাঁকা স্থানের ব্যবস্থা করা উচিত । যেন তারা সারা বছরই পুরাতন কাপড় সহ অন্যান্য ব্যবসাও করতে পারেন।

অসহায়দের মাঝে অন্ন সংগঠনের খাবার বিতরণ

ক্ষুধা মুক্ত কালীগঞ্জ গড়ার লক্ষে ঝিনাইদহের কালীগঞ্জে ব্যতিক্রম ধর্মীসংগঠন অন্ন এর কার্যক্রম শুরু হয়েছে। সংগঠনের মূল উদ্দেশ্যে দরিদ্র, অসহায়, ভবঘুরে মানুষের মুখে বিনামূল্যে খাবার তুলে দেওয়া।

বর্তমানে সপ্তাহের প্রতি শুক্রবার কালীগঞ্জের মোবারকগঞ্জ রেলওয়ে স্টেশন, বাস টার্মিনাল, মোবারকগঞ্জ সুগার মিল বাজারসহ বিভিন্ন স্থানে অসহায় ও ভবঘুরে মানুষের মাঝে খাবার বিতরণ করে। সংগঠনের সমন্বয়ক এ এস এম আল মাসুম বলেন, কালীগঞ্জের বিভিন্ন সামাজিক সংগঠনের সদস্যরা একসাথে হয়ে এ উদ্দোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে আমাদের সল্প অর্থায়নে সপ্তাহে একদিন খাবার বিতরণ করছি। তবে অর্থের যোগান বেশি হলে প্রতিদিন খাবার দেওয়ার ব্যবস্থা করার আশাবাদী আমরা।

অন্ন এর প্রধান পৃষ্ঠপোষক হিসেবে কাজ করছে সবুজদেশ নিউজ ও সবুজ বাংলা রেস্টুরেন্ট।
অন্ন এর কার্যক্রমকে সাধুবাদ জানিয়েছে কালীগঞ্জের বিভিন্ন শ্রেণি পেশার মানুষ।

কোটচাঁদপুরে ট্রেনের ধাক্কায় আহত ভ্যান চালকের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে চলন্ত ট্রেনের ধাক্কায় গুরতর আহত ভ্যান চালক দুলাল বিশ্বাস (৬২) মারা গেছেন। গত বৃহস্পতিবার গভীর রাতে যশোর মেডিকেল কলেজ হাসপাতাল থেকে উন্নত চিকিৎসার জন্য খুলনায় নেওয়ার পথে তার মৃত্যু হয়। নিহত দুলাল বিশ্বাস উপজেলার মামুনশিয়া গ্রামের মৃত খোরশেদ বিশ্বাসের ছেলে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, গত বৃহস্পতিবার বিকালে বলুহর বটতলা রেল গেইট সংলগ্ন এলাকায় রেল লাইনের পাশেই আগাছা কাটছিলেন দুলাল।

এসময় ঢাকা থেকে খুলনা অভিমূখে সুন্দরবন এক্সপ্রেস ডাউন ট্রেনের সঙ্গে দুলাল সজোরে ধাক্কা খায়। এতে সে গুরুতর আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে নেয়। পরে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য তাকে যশোর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। সেখানে অবস্থার অবনতি হলে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের শৈলকুপা অংশে রাস্তা সংস্কারে অনিয়ম

ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের শৈলকুপা অংশে রাস্তা সংস্কারের কাজে ব্যাপক অনিয়ম দেখা গেছে। ৭ মাস পর সংস্কার কাজে ফিরে পাথরের পরিবর্তে ইটের খোয়া দিয়ে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়ক সংস্কার করছে

একটি ঠিকাদারী প্রতিষ্ঠান। ঝিনাইদহ-কুষ্টিয়া মহসড়কের শৈলকুপার ভাটই বাজার এলাকায় এই কাজ করা হচ্ছে।

তবে ঠিকাদরী প্রতিষ্ঠানের সাথে কথা বলে জানা যায়, বড় গর্ত সংস্কারে তাদের কোন অর্থ বরাদ্দ নেই। এই জন্য ঝিনাইদহ সড়ক বিভাগের অনুমতি নিয়ে খোয়া দিয়ে কাজ করছেন।

অন্যদিকে ২০ কোটি টাকা ব্যয়ে নির্মিত এই কাজের সুপারভেশন ইঞ্জিনিয়ার গোলাম সারোয়ার জানান, তারা এ ধরনের কোন অনুমোতি দেননি বরং ঐ অংশের কাজ বন্ধ করতে বলেছেন।

এলাকাবাসীর অভিযোগ, ঠিকাদারী প্রতিষ্ঠান ৭ মাস পর কাজে ফিরে যেনতেন ভাবে কাজ শেষ করার চেষ্টা করছে। ৭ মাস আগে কাজ শেষ করলে রাস্তায় বড় বড় গর্তের সৃষ্টি হতো না। তারপরও ঝিনাইদহ সড়ক বিভাগ দুই ঈদের আগ থেকেই ঠিকাদারের নিয়ন্ত্রণে থাকা রাস্তার মেরামত কাজ অফিসের গাড়ি, ইট, পাথর, খোয়া, পিচ, জনবল ও মালামাল ব্যবহার করে চালিয়ে যাচ্ছে।

তথ্য নিয়ে জানা গেছে, ঝিনাইদহ শহরের আলহেরা, হামদহ ও কুষ্টিয়া মহাসড়কের শৈলকুপার পর্যন্ত সংস্কার কার্যাদেশ পায় ঢাকার আবেদ মনসুর কনস্ট্রাকশন ফার্ম। কাজ শুরুর পর থেকেই তারা অনিয়মের আশ্রয় গ্রহণ করে। এ নিয়ে কাজ বন্ধসহ কয়েকবার মানববন্ধন করে এলাকাবাসী। এরপর মার্চ মাসে করোনাকালীন কাজ বন্ধ করে ৮ কোটি ৩৩ লাখ টাকার বিল নিয়ে ঠিকাদারী প্রতিষ্ঠান চলে যায়। দীর্ঘ ৭ মাস সংস্কারের কাজ বন্ধ থাকার পর সড়ক বিভাগ একের পর এক চিঠি দিয়ে শেষ পর্যন্ত গত মাস থেকে সড়ক সংস্কারে ফেরে আবেদ মনসুর কনস্ট্রাকশন ফার্ম।

ভাটই বাজারের ব্যবসায়ী ইমরান এন্টারপ্রাইজের মালিক ইমরান হোসেন অভিযোগ করেন, ৭ মাস কাজ বন্ধ থাকার সংস্কারের যে কাজ করা হচ্ছে তা খুবই নিম্নমানের। এবার পাথরের পরিবর্তে ইটের খোয়া দিয়ে সংস্কার কাজ করা হচ্ছে। এই মহাদুর্নীতির মাধ্যমে একটি দেশ চলতে পারে না।

শৈলকুপার ভাটই এলাকার নাকোল গ্রামের তরিকুল ইসলাম বলেন, ২০ কোটি টাকার সড়ক সংস্কার যদি পাথরের পরিবর্তে ইটের খোয়া দিয়ে হয় আর এটা দেখার কেউ না থাকে তা হলে এর থেকে দু:খজনক ঘটনা আর কি হতে পারে?

আবেদ মনসুর কনস্ট্রাকশন ফার্মের প্রজেক্ট ম্যানেজার আব্দুল্লাহ

আল মামুন জানান, বড় বড় গর্ত সংস্কারে তাদের কোন অর্থ বরাদ্দ নেই এ কারণে তারা গর্তে ইটের খোয়া দিয়ে তার উপর পাথর দিচ্ছেন। আর এ কাজটি তারা ঝিনাইদহ সড়ক ও জনপথ বিভাগের অনুমতি নিয়েই করছেন। তাদের কাজে কোন রকম দুর্নীতি নেই। সবই সিডিউল মোতাবেক করা হচ্ছে।

ঝিনাইদহ সড়ক ও জনপথ বিভাগের উপ-সহকারী প্রকৌশলী গোলাম সরোয়ার জানান, মহাসড়ক সংস্কারে পাথরের পরিবর্তে ইটের খোয়া দেওয়ার কোন বিধান নেই। ঠিকাদারী প্রতিষ্ঠানকে ইটের খোয়া দিয়ে সড়ক সংস্কারের অনুমতি দেওয়া হয়েছে তাদের এ কথা ঠিক না। বরং যে স্থানে তারা এ কাজ করছে সেখানে কাজ বন্ধের নির্দেশ দিয়েছেন তিনি।

দর্শনায় ১০ বছর বয়সী মাদ্রাসা ছাত্রীর রহস্য জনক মৃত্যু

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় মাসুমা জান্নাত মহিলা মাদ্রাসার তৃতীয় শ্রেণীর এক ছাত্রীর রহস্য জনক মৃত্যু হয়েছে গতকাল বৃহস্পতিবার ভোরে। টাকা ও মোবাইল চুরির অভিযোগে একই মাদ্রাসার ৮২ জন ছাত্রীর চাল পড়া খাওয়ানো হলেও মৃত ছাত্রী তা খাইনি, এ জন্য কোন সমস্যায় তার মৃত্যু হয়েছে কিনা পুলিশ তা খতিয়ে দেখছে । তবে তার বাবা সাংবাদিকদের কাছে বলেছেন ঐ মাদ্রাসায় টাকা ও মোবাইল চুরির কথা শুনে বুধবার মেয়ে আনতে গিয়ে ছিলাম, কিন্তু বুধবার আমার মেয়ে আমার কাছে দিলে মা আমার মরতো না, সারারাত গুঁমড়ে কেদে কেদে পেট ফুলে মেয়ে আমার মৃত্যুবরণ করেছে । পুলিশ ও তার পরিবারের লোকজন সাংবাদিকদের জানিয়েছেন গত ২০ অক্টোবর চুয়াডাঙ্গা সদর উপজেলার অন্তর্গত দর্শনা থানার কুন্দিপুর গ্রামের দুলাল হোসেন এর কন্যা আফসানা দোলা(১০) ও একই গ্রামের আরিফুল ইসলাম এর কন্যা রাবেয়া খাতুন (১২) কে ঐ মহিলা মাদ্রাসায় তৃতীয় শ্রেণীতে ভর্তি করান। কিন্তু মাদ্রাসায় পড়তে সে খুব বেশি রাজি ছিল না। ইতোমধ্যে গত শনিবার উক্ত মাদ্রাসা থেকে ২ হাজার ৭শ টাকা ও একটি মোবাইল চুরি হয়ে যায়। চোর ধরতে কতৃপক্ষ একই মাদ্রাসার ৮২ জন ছাত্রীর চাল পড়া খাওয়াই। আফসানা দোলা ছুটিতে বাড়ি থাকায় তাকে চাল পড়া

খাওয়ানো সম্ভব হয়নি বলে সাংবাদিকদের জানান কতৃপক্ষ। বাড়ি থেকে রোববার সে মাদ্রাসায় আসার পর বিভিন্ন জনের কাছে থেকে নানা ধরনের কথা শুনে ছোট মানুষ দোলা কান্না করতে থাকে । গত বুধবার সন্ধ্যায় তাদের গ্রামের বাড়ির একটি অনুষ্ঠানের জন্য বাড়ির লোকজন রাবেয়া ও দোলাকে আনতে গেলে মাদ্রাসা কতৃপক্ষ জানান আজ না কাল সকালে নিয়ে যাবে । মা বাবার কাছে যেতে না পেরে ও এ কথা শোনা মাত্রই ১০ বছর বয়সী দোলা সারা রাতই গুঁমড়ে গুঁমড়ে কেদে মুর্ছা যায়। তার পর থেকে তার আর জ্ঞান ফেরেনি। বৃহস্পতিবার ভোর সাড়ে পাঁচটার দিকে স্থানীয় ডাক্তার নাজমুল হাসান এর কাছে নেয়া হলে, সে জানায় রোগীর কোন হার্টবিট পাইনি। পরে জীবননগর উপজেলা হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন । মাদ্রাসার অধ্যক্ষ গোলাম কিবরিয়া জানান টাকা ও মোবাইল চুরির ঘটনায় অন্য ছাত্রীদের চাল পড়া খাওয়ালেও দোলাকে খাওয়ানো হয়নি। তার মৃত্যুটি কি ভাবে হলো আমারা জানিনা। করোনার মধ্যেও কে ক্লাস হয় বলা হলে কোন কথার উত্তর দিতে পারেনি। দোলার বাবা দুলাল হোসেন জানান আমার শিশু বাচ্চা মেয়েটাকে যদি বুধবার সন্ধ্যায় আমাদের কাছে পাঠিয়ে দিত তা হলে আর মৃত্যুটা হত না। আমার মেয়ে আমার জন্য কেদে কেদে পেট ফুলে মরেছে । দর্শনা থানার ওসি মো মাহবুবুর রহমান জানান বাদি পক্ষ এখনো কোন অভিযোগ করেননি। তবে মাদ্রাসায় টাকা মোবাইলফোন চুরি ও চাল পড়া খাওয়ানোর বিষয়টি আমরা তদন্ত করে দেখছি। তা ছাড়া দেশের অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার পর কেনো এইটা চলমান রাখা হয়েছে তাও দেখা হচ্ছে। উল্লেখ ২০১৬ সালে মাসুমা জান্নাত মহিলা মাদ্রাসাটি প্রতিষ্ঠিত হওয়ার পর পুরুষ শিক্ষক দিয়ে তৃতীয় শ্রেণী থেকে স্নাতক পর্যন্ত ছাত্রী পড়ানো হচ্ছে, যা অনেকই আলোচনা সমালোচনা করে চলেছেন৷

কোটচাঁদপুরে ট্রেনের ধাক্কায় ভ্যান চালক আহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে ট্রেনের ধাক্কায় দুলাল (৬২) নামে এক ভ্যান চালক গুরতর আহত হয়েছে। বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার দিকে উপজেলার বলুহর বটতলা রেল গেইট সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে। আহত

দুলাল উপজেলার মামুনশিয়া গ্রামের মৃত এরশাদের ছেলে।

স্থানীয় সূত্রে জানাযায়, বিকালে বলুহর বটতলা রেল গেইট সংলগ্ন এলাকায় রাস্তার পাশ্ববর্তী স্থানে ভ্যান রেখে রেল লাইনের পাশেই আগাছা কাটছিলেন দুলাল।
এ সময় ঢাকা থেকে খুলনাগামী সুন্দরবন এক্সপ্রেস ডাউন ট্রেনটি দুলালকে সজোরে ধাক্কা দেয়। এতে সে গুরুতর আহত হলে স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে নেয়। অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য তাকে যশোর মেডিক্যাল কলেজ হাসপাতালে পাঠায়।

কালীগঞ্জে দখলে দখলে চিত্রা নদী আজ সরু খাল

ঝিনাইদহের কালীগঞ্জের চিত্রা নদীর জায়গা দখল চলে আসছে দীর্ঘদিন ধরে। সময় গড়ানোর সাথে সাথে নতুন নতুন দখলবাজদের আবির্ভাব ঘটে। নিয়ন্ত্রণ না থাকায় ক্ষমতার পালাবদলে দখলবাজদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পেয়েছে। স্থানীয় প্রভাবশালীরা নদীর জমিতে বসতবাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তুলেছেন। আবার জায়গা আয়ত্তে রাখতে কাটা হয়েছে ছোট বড় পুকুর। কেউ কেউ নদী দখল করে পরিণত করেছে ফসলি মাঠে। এখন দখল বাদে নদীর মাঝখানে যতটুকু জায়গা আছে দূর থেকে মনে হচ্ছে যেন সরু খাল। আবার এখানেই চলছে দূষণ সৃষ্টির পাল্লা। সর্বোপরি খননের অভাবে অস্তিত্ব সংকটে পড়েছে এ নদীটি।

চিত্রার পাড়ের বাসিন্দা আজিজুল জানান, এক সময়ের প্রমত্তা চিত্রা নদীটি আজ অস্তিত্ব সঙ্কটে। দেশের দক্ষিণাঞ্চলের কয়েকটি জেলার সংযোগকারী এ নদীর ঝিনাইদহের কালীগঞ্জ অংশের নিমতলা ও মধুগঞ্জ বাজার সংলগ্ন এলাকার দু’পাশে দেদারছে ফেলা হচ্ছে ময়লা আবর্জনা। ড্রেন দিয়ে নদীতে চলে যাচ্ছে বর্জ্য। ফলে যতটুকু পানি আছে তা দূষিত হয়ে যাচ্ছে। দু’পাড় থেকে জায়গা দখল করে তৈরি করা হয়েছে ব্যবসা প্রতিষ্ঠান, বসতবাড়ি, বড় বড় ভবন। দখলের কবলে ৩৯ মিটার প্রস্থের নদীটি এখন মরা খালে পরিণত হয়েছে। এখন যতটকু জায়গা আছে

তা মাত্র কয়েক মিটার প্রশস্ত হবে। দিনের পর দিন এক শ্রেণির প্রভাবশালী মানুষ নদী দখল করলেও যেন দেখার কেউ নেই। এখন মাটি ভরাট হয়ে বর্ষাকালে কিছুটা পানি থাকলেও শুকনা মৌসুমে পানি চোখে পড়ে না বললেই চলে। চিত্রা হারিয়ে ফেলেছে তার নাব্যতা। এ অবস্থা চললেও প্রভাবশালীদের ভয়ে কিছু বলতেও পারে না সাধারণ মানুষ। ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার মধ্যে দিয়ে প্রবাহিত ঐতিহ্যবাহী চিত্রা নদীর তীর ঘুরে দেখা যায়, নদীর দুই তীর দখল করে মাটি দিয়ে ভরাট করে তৈরি করা হয়েছে পাকা বাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান, ক্লাব ঘর, বিভিন্ন দলের অফিস সহ নানা প্রতিষ্ঠান। সমাজসেবক সদর উদ্দীন বলেন, মাটি এবং বর্জ্য দিয়েও নদী ভরাট করা হচ্ছে। তিনি বলেন, আজ নদীর সাথে সংযুক্ত খালেও নেই পানি। এর ফলে প্রভাব পড়েছে কৃষি জমির সেচ কাজেও।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সুবর্ণা রানী সাহা জানান, নদীগুলো সরেজমিন পরিদর্শন করে অবৈধ দখলবাজদের চিহ্নিত করা হয়েছে। এদের দ্রুতই উচ্ছেদ করা হবে। এর আগে নদীগুলোতে যারা বাধ দিয়ে নদীর স্বাভাবিক গতি প্রবাহ বন্ধ করেছিল তাদের বিরদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ব্যবস্থা নেয়া হয়েছে। নদীগুলোতে দূষণ চলছে এমন অভিযোগ পেয়ে মোবাইল কোর্ট পরিচালনা করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা অব্যাহত রয়েছে। উপরি নির্দেশনা মোতাবেক চিত্রা দখলমুক্ত করবেন বলে আশ্বাস দেন তিনি।